www.bdniyog.com

# ধর্ম
# Religion

## ইসলাম ধর্ম (Islam)

দুনিয়ার প্রথম মানুষ হযরত আদম (আ.) আল্লাহ প্রেরিত প্রথম নবী। তাঁর থেকে শুরু করে হযরত মুহম্মদ (স.) পর্যন্ত যত নবী এসেছেন সকলেই ইসলাম ধর্মের অন্তর্ভুক্ত। হযরত ইব্রাহীম (আ.) কে মুসলিম জাতির আদি পিতা বলা হয়। হেবরনে তাঁর মাযার অবস্থিত। প্রাক-ইসলামিক আরবে একেশ্বরবাদীদের হানিফ বলা হতো।

### হযরত মুহম্মদ (স.) এর জীবনী [Life of Prophet Muhammad (saw)]

হযরত মুহম্মদ (স.) ৫৭০ খ্রিস্টাব্দে (১২ রবিউল আউয়াল) আরব দেশের মক্কা নগরীতে কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আবদুল্লাহ এবং মায়ের নাম আমিনা। ছোটবেলা থেকেই মুহম্মদ (স.) ছিলেন সত্যবাদী ও মধুর স্বভাবের। সত্যবাদিতার জন্য আরবের লোকেরা তাঁকে আল আমিন বা বিশ্বাসী বলে ডাকত। চল্লিশ বছর বয়সে তিনি নবুওয়াত প্রাপ্ত হন বা নবী হন। তিনি ফেরেস্তা জিব্রাইল (আ.) মারফত আল্লাহর ওহী পেতেন এবং সেগুলো মানুষের কাছে পৌছে দিতেন। ওহীর অর্থ প্রত্যাদেশ। আল্লাহর প্রেরিত এসব ওহীর সমষ্টিই পবিত্র কুরআন শরীফ। হযরত মুহম্মদ (স.) দেবদেবীর পূজা ত্যাগ করে এক আল্লাহর উপাসনা করতে বলেন। এতে মক্কার লোকেরা ভীষণ ক্ষুব্ধ ও ক্রুদ্ধ হন। হযরত মুহম্মদ (স.) ও তাঁর শিষ্যদের উপর তারা অত্যাচার শুরু করে। হযরত মুহম্মদ (স.) আল্লাহর আদেশে তখন একদিন মক্কা থেকে মদীনায় চলে যান। ইতিহাসে এ ঘটনাকে হিজরত বলা হয়। ৬২২ খ্রিস্টাব্দে এ ঘটনা ঘটে। এ বছর থেকে হিজরী সাল গণনা করা হয়। হযরত মুহাম্মদ (স.) মদীনায় হিজরত করার পর সেখানে বসবাসরত সকল গোত্রের মধ্যে ভ্রাতৃত্ব ও সম্প্রীতি স্থাপন এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে ৪৭ ধারার একটি সনদ বা সংবিধান প্রবর্তন করেন যা পৃথিবীর ইতিহাসে 'মদীনা সনদ' নামে পরিচিত। ৬২৮ খ্রিস্টাব্দে তিনি মক্কার কুরাইশদের সাথে বিখ্যাত 'হুদাইবিয়ার সন্ধি' করেন। ৬৩০ খ্রিস্টাব্দে তিনি মক্কা জয় করে মক্কার লোকদের সব অপরাধ মাফ করে দেন। তখন সকলে তাঁর মহত্ত্বে মুগ্ধ হয়ে ইসলাম ধর্ম গ্রহণ করেন। হযরত মুহাম্মদ (সা.) এর একটি মহা মূল্যবান বাণী- "দোলনা থেকে কবর পর্যন্ত জ্ঞান অন্বেষণ কর"। মহানবী ৬৩২ খ্রিস্টাব্দে (১২ রবিউল আউয়াল) ৬৩ বছর বয়সে ইন্তেকাল করেন। তাঁর মাযার মদিনায় অবস্থিত।

### ইসলাম ধর্মের স্তম্ভ (Pillars of Islam)

ইসলাম শব্দের অর্থ শান্তি। এ ধর্মের মূলকথা হল আল্লাহ এক ও অদ্বিতীয়। আল্লাহ ছাড়া আর কোন উপাস্য নেই ও মুহম্মদ (সা.) তাঁর প্রেরিত রাসুল। শেষ বিচারের দিনে সকলকে জীবিত হয়ে আল্লাহর কাছে কৃতকর্মের জন্য জবাবদিহি করতে হবে। ইসলাম ধর্মের মূল স্তম্ভ ৫টি। যথা- কালেমা, নামায, রোযা, হজ্ব ও যাকাত। আযানের মাধ্যমে নামাযের জন্য আহবান করা হয়। হযরত বেলাল (রা:) ইসলামের ইতিহাসে প্রথম আযান দেন। প্রত্যেক স্বাধীন পূর্ণবয়স্ক মুসলমান নর নারীকে প্রতিবছর স্বীয় আয় বা সম্পত্তির একটি নির্দিষ্ট অংশ, যদি তা ইসলামী শরীয়ত নির্ধারিত সীমা (নিসাব পরিমাণ) অতিক্রম করে, তবে তা গরীব দুঃস্থদের মধ্যে বিতরণের নিয়মকে যাকাত বলে। সাধারণত নির্ধারিত সীমাতিক্রমকারী সম্পত্তির ২.৫% বছর শেষে বিতরণ করতে হয়।


Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com

## ইসলাম ধর্মের উপাসনালয় (Place of worship in Islam)

মক্কা, মদীনা ও জেরুজালেম মুসলমানদের পবিত্র তীর্থস্থান। কাবা শরীফ পবিত্র উপাসনালয়। মুসলমানদের উপাসনালয়ের নাম মসজিদ। জেরুজালেমে অবস্থিত বায়তুল মোকাদ্দেস (আল আকসা মসজিদ) মুসলমানদের একটি পবিত্র স্থান।



পবিত্র কাবা শরীফ

## আল- কুরআন (Holy Quran)

আসমানী কিতাব ৪টি। যথা- তাওরাত, যবুর, ইঞ্জিল এবং কোরআন। আরবি ভাষায় লিখিত কুরআন শরীফ মুসলমানদের প্রধান ধর্মগ্রন্থ। পবিত্র শবে কদরের রাতে কুরআন শরীফ নাযিল হয়। ওহীর মাধ্যমে সমগ্র কোরআন শরীফ নাযিল হতে ২৩ বছর সময় লাগে। ৩০ পারায় বিভক্ত পবিত্র এই গ্রন্থে মোট ১১৪ টি সূরা আছে। সুরা বাকারা ও সুরা কাউসার যথাক্রমে কুরআন শরীফের দীর্ঘতম ও ক্ষুদ্রতম সুরা। আল্লাহ স্বয়ং আল-কুরআনের রক্ষাকারী।

## হাদীস (Hadith)

হাদীস আরবি শব্দ। এর আভিধানিক অর্থ কথা, নতুন জিনিস, জিকির প্রভৃতি। হযরত মুহম্মদ (স.) এর বাণী ও আচার আচরণ সংকলনকে বলা হয় হাদীস শরীফ। হাদিসের সর্বাধিক বিশুদ্ধ গ্রন্থ সহীহ বুখারি।

## MCQ Solution

১. মুসলিম জাতির আদি পিতা কে? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ১১]
ⓚ হযরত আদম (আ.) ⓔ হযরত ইসমাইল (আ.)
ⓖ হযরত ইব্রাহিম (আ.) ⓖh হযরত শীষ (আ.) **উত্তর: গ**

২. হযরত ইব্রাহিম (আ)-এর মাজার কোথায় অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ৰ ইউনিট) : ০৫-০৬]
ⓚ জেরুজালেমে ⓔ হেবরনে
ⓖ তিরকুটে ⓖh মদিনায় **উত্তর: খ**

৩. প্রাক- ইসলামিক আরবে একেশ্বরবাদীদের কি বলা হতো? [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক : ১৭]
ⓚ হানিফ ⓔ হানাফি
ⓖ তৌহিদবাদী ⓖh আল - আমিন **উত্তর: ক**

৪. হযরত মুহাম্মদ (স)-এর জন্মস্থান- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মদীনা ⓔ মক্কা
ⓖ বাগদাদ ⓖh দামেস্ক **উত্তর: খ**

৫. হযরত মুহম্মদ (সা.) কত সালে হিযরত করেন? [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট : ০৫]
ⓚ ৬২২ খ্রি: ⓔ ৬৩২ খ্রি.
ⓖ ৬১২ খ্রি ⓖh ৬১৬ খ্রি **উত্তর: ক**

৬. মদিনা সনদে কয়টি ধারা ছিল? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড -এর সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ⓚ ৪৭টি ⓔ ৪৮টি
ⓖ ৪৯টি ⓖh ৫০টি **উত্তর: ক**

৭. **When did Prophet Hajrat Mohammad (Sallallaho alihe wasallam) die? / মহানবী হযরত মুহাম্মদ (সা:) কবে ইন্তেকাল করেন?** [Shahjalal Islami Bank Ltd. MTO: 13]
**Ans. 632 AD.**

৮. মহানবী হযরত মুহম্মদ (সা.) এর জন্ম-মৃত্যুর তারিখ-- [থানা শিক্ষা অফিসার : ০০]
ⓚ ১২ রবিউল আউয়াল ⓔ ১২ রবিউস সানি
ⓖ ১২ জমাদিয়াল আউয়াল ⓖh ১২ জমাদিয়স সানি **উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৯. "দোলনা থেকে কবর পর্যন্ত জ্ঞান অন্বেষণ কর"- উক্তিটি [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ⓚ হযরত মুহম্মদের (সঃ) ⓛ হযরত আলীর (রাঃ)
ⓜ লোকমান হাকিমের ⓝ হযরত শেখ সাদীর (রাঃ) উত্তর: ক

১০. হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরিত হয়- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ ৬২২ খ্রিঃ ⓛ ৫৭০ খ্রিঃ
ⓜ ৬২৮ খ্রিঃ ⓝ ৬২৪ খ্রিঃ উত্তর: গ

১১. Macca was conquered in -/ মক্কা বিজয় সংঘটিত হয়- [Shahjalal Islami Bank Ltd. MTO: 13]
ⓐ 5 A.H ⓑ 10 A.H
ⓒ 2 A.H ⓓ 8 A. H Ans. d

১২. মুসলিমদের মক্কা বিজয় সংঘটিত হয়- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ ৬২৪ খ্রিঃ ⓛ ৬২৮ খ্রিঃ
ⓜ ৬৩০ খ্রিঃ ⓝ ৬৩২ খ্রিঃ উত্তর: গ

১৩. Name of the first Mu-Azzin in Islam was-/ ইসলামের প্রথম মুয়াজ্জিন কে? [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]
ⓐ Hazrat Imam Bujhari (R) ⓑ Hazrat Belal (R)
ⓒ Hazrat Ali (R) ⓓ Hazrat Hasan (R)
ⓔ None of these Ans. b

১৪. What is the percentage of the value of gold or property a person has to pay when he/she is entitled to pay Zakat?/ একজন ব্যক্তিকে তার স্বর্ণ বা সম্পদের কত শতাংশ যাকাত প্রদান করতে হয়? [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]
ⓐ 1% ⓑ 2% ⓒ 2%
ⓓ 2.5% ⓔ None of these Ans. d

১৫. প্রধান প্রধান আসমানী কিতাব কতটি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]
ⓚ ৪টি ⓛ ৩টি
ⓜ ৫টি ⓝ ১০৪টি উত্তর: ক

১৬. কোন রাতে পবিত্র কুরআন নাযিল হয়? [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক : ০০]
ⓚ শবে মিরাজ রাতে ⓛ শবে বরাত রাতে
ⓜ শবে কদর রাতে ⓝ ঈদের রাতে উত্তর: গ

১৭. পৃথিবীর সকল ধর্মীয় গ্রন্থের মধ্যে সর্বাধিক পঠিত গ্রন্থ কোনটি? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ⓚ বুখারী শরীফ ⓛ কুরআন শরীফ
ⓜ বাইবেল ⓝ তাওরাত উত্তর: খ

১৮. How long did it take for the revelation of the Holy Qur'an revealed? [Shahjalal Islami Bank Ltd. MTO: 13]

Or,

ওহীর মাধ্যমে সমগ্র কুরআন শরীফ কত বছরে নাযিল হয়? [মাধ্যমিক সহকারী শিক্ষক : ১৮]
ⓚ ৪০ বছরে ⓛ ৩২ বছরে
ⓜ ১০ বছরে ⓝ ২৩ বছরে উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



১৯. **Who is the protector of the Holy Quran?/ পবিত্র কোরআনের রক্ষাকারী কে?** [Premier Bank Ltd. Trainee Junior Officer : 09]
ⓐ God ⓑ Prophet ⓒ Angels
ⓓ Man ⓔ Satan **Ans. a**

২০. **The Holy Quran has ......... chapters (*Paras*). / পবিত্র কুরআনে ..... টি অধ্যায় (পারা) রয়েছে।** [First Security Islami Bank Ltd. Probationary Officer : 09]
ⓐ 29 ⓑ 30 ⓒ 19
ⓓ 77 ⓔ None of these **Ans. b**

২১. **The Holy Quran contains-**[Shahjalal Islami Bank Ltd. MTO: 13]
**Or,**
**পবিত্র কুরআনে মোট সূরার সংখ্যা কত?** [চবি (খ ইউনিট) : ০৩-০৪/ ইবি (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓐ 124 Surahs ⓑ 109 Surahs
ⓒ 114 Surahs ⓓ 220 Surahs **Ans. c**

২২. **পবিত্র কুরআনের দীর্ঘতম সূরার নাম কি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ⓚ আন আম ⓛ নিসা
ⓖ আল-ইমরান ⓓ বাকারা **উত্তর: ঘ**

২৩. **'হাদীস' শব্দের অর্থ-** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ কথা ⓛ আদেশ
ⓖ উপদেশ ⓓ বক্তৃতা **উত্তর: ক**

২৪. **হাদিসের সর্বাধিক বিশুদ্ধ গ্রন্থ-** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ⓚ সুনান আবি দাউদ ⓛ সহীহ মুসলিম
ⓖ মুসনাদ ইমাম আহমাদ ⓓ সহীহ বুখারি **উত্তর: ঘ**

২৫. **Where is Al Aqsa Mosque located?** [Pubali Bank Ltd. Senior Officer/Officer : 11/ Premier Bank Ltd. Trainee Junior Officer: 09] **Or,**
**আল-আকসা মসজিদ কোথায়?** [বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারি পরিচালক : ১৪/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ১৪ / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১২]
ⓐ Bagdad (বাগদাদ ⓑ Cairo (কায়রো) ⓒ Beirut (বৈরুত)
ⓓ Jerusalem (জেরুজালেম) ⓔ None of them **Ans. d**

২৬. **আল-আকসা মসজিদটি অবস্থিত-** [পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার কর্মকর্তা : ১৫]
ⓚ ইরাকে ⓛ কুয়েতে
ⓖ ইসরাইলে ⓓ জর্ডানে **উত্তর: গ**

২৭. **পবিত্র বায়তুল মোকাদ্দাস মসজিদ নিম্নলিখিত শহরে অবস্থিত?** [বাংলাদেশ ব্যাংক ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্ট : ৮৮]
ⓚ জেরুজালেম ⓛ তেল আবিব
ⓖ বাগদাদ ⓓ রিয়াদ **উত্তর: ক**

২৮. **বাংলাদেশে আমরা পশ্চিম দিকে মুখ করে নামাজ পড়ি নরওয়ের মুসলমানরা কোন দিকে মুখ করে নামাজ পড়ে?** [জাতীয় সংসদ সচিবালয়ের অধীনে সহকারী সচিব : ৯৬]
ⓚ উত্তর ⓛ দক্ষিণ
ⓖ পূর্ব ⓓ পশ্চিম **উত্তর: গ**

**ব্যাখ্যা:** মূলত মুসলমানরা কিবলামুখী হয়ে নামায আদায় করেন। কাবা শরীফ বাংলাদেশের পশ্চিমে অবস্থিত। এজন্য আমরা পশ্চিম দিক হয়ে নামায আদায় করি। আবার কাবা শরীফ নরওয়ের পূর্বদিকে অবস্থিত। এজন্য নরওয়ের মুসলমানেরা পূর্বদিক হয়ে নামায আদায় করে।

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## রাশিদুন খিলাফত : ৬৩২-৬৬১ খ্রি. (Khulfa-e-Rashideen)

ইসলামের প্রথম চার খলিফার শাসনকালকে রাশিদুন খিলাফত বলা হয়। এ সময় মুসলিম সাম্রাজ্যের রাজধানী ছিল মদিনায়।

### ১) হযরত আবুবকর সিদ্দিক (রা.)

ইসলামের প্রথম খলিফা। ৬৩২ খ্রিস্টাব্দে খলিফা নির্বাচিত হন। হযরত মুহম্মদ (সা.) এর মৃত্যুর পর আরবের বিভিন্ন উপজাতি বিদ্রোহ ঘোষণা করে। হযরত আবু বক্কর (রা.) ৬৩২-৬৩৩ খ্রি: এ সকল আরব উপজাতির বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। এ সকল ধর্মসংক্রান্ত যুদ্ধকে রিদ্দা যুদ্ধ (Ridda wars) বলে। তিনি ভণ্ডনবীসহ এই সকল বিদ্রোহ কঠোর হস্তে দমন করেন।

এজন্য তাঁকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়। তিনি 'বায়তুল মাল' প্রতিষ্ঠা করেন। ইসলামী রাষ্ট্রের কেন্দ্রীয় অর্থ তহবিল বা জাতীয় কোষাগারকে বায়তুল মাল বলে। তিনি সর্বপ্রথম ইসলামী মুদ্রার প্রচলন করেন। ৬৩৪ খ্রিস্টাব্দে তিনি পরলোকগমণ করেন।

### ২) হযরত ওমর ইবনে আল খাত্তাব (রা.)

৬৩৪ খ্রিষ্টাব্দে খলিফা নির্বাচিত হন। তিনি খুবই ন্যায়পরায়ণ ও শক্তিমান শাসক ছিলেন। এজন্য তাকে 'ওমর দ্য গ্রেট' বলা হয়। তাঁর সময়ে ইসলামী সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তৃতি লাভ করে। ৬৪৪ খ্রিষ্টাব্দে আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন।

### ৩) হযরত উসমান ইবনে আফ্ফান (রা.)

৬৪৪খ্রিষ্টাব্দেইসলামেরতৃতীয়খলিফানির্বাচিতহন।৬৫৬খ্রিষ্টাব্দেআততায়ীরহাতেশাহাদাতবরণকরেন।

### ৪) হযরত আলী ইবনে আবু তালিব (রা.)

খোলাফায়ে রাশেদীনের সর্বশেষ খলিফা। শিশুদের মধ্যে তিনি সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। ৬৬১ খ্রিষ্টাব্দে কুফায় আততায়ীর হাতে শাহাদাত বরণ করেন। ইরাকের নাজাফে তাঁর মাযার অবস্থিত। যারা ঈমানের সাথে হযরত মুহাম্মদ (সা.) এর সাথে দেখা করেছেন এবং ঈমানের উপর অটল থেকে মৃত্যুবরণ করেছেন, তাদের সাহাবী বলে। সর্বশেষ সাহাবি ১১০ হিজরি পর্যন্ত জীবিত ছিলেন।

## উমাইয়া খিলাফত : ৬৬১-৭৫০ খ্রি. (Umayyad Caliphate)

মুয়াবিয়া ইবনে আবু সুফিয়ান ছিলেন উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা। তিনি প্রথম বংশানুক্রমিক খেলাফত প্রতিষ্ঠা করেন। এ সময় রাজধানী ছিল দামেস্ক। উমাইয়া বংশ স্পেনের কর্ডোভাতে পৃথক খিলাফত প্রতিষ্ঠা করেছিলেন। মুসলমানরা ৭১১ খ্রিস্টাব্দের অক্টোবরে স্পেনের কর্ডোভা (Cordova) জয় করেন। এই কর্ডোভা মহানগরী শতাব্দীর পর শতাব্দী স্পেনের রাজধানী হিসাবে থেকে যায়। দশম শতকের পর স্পেনে মুসলিম শাসনের অবনতি ঘটে।

## আব্বাসীয় খিলাফত (Abbasid Caliphate)

আব্বাসীয় খিলাফতকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়। আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল–

প্রথম পর্যায় : বাগদাদ (৫০-১২৫৮ খ্রি:);
দ্বিতীয় পর্যায় : কায়রো (১২৬১-১৫১৯ খ্রি:)

আব্বাসীয় খিলাফতের প্রতিষ্ঠাতা ছিলেন আবু আল আব্বাস। আব্বাসীয় শাসনামলের সবচেয়ে বিখ্যাত খলিফা ছিলেন হারুন অর রশিদ। তিনি জ্ঞান চর্চার জন্য 'বায়তুল হিকমা' (House of Wisdom) প্রতিষ্ঠা করেন। খলিফা হারুন অর রশিদের পুত্র আল মামুনের সময় 'বায়তুল হিকমা' কে উন্নতির চরম শিখরে উন্নীত হয়। ১২৫৮ খ্রিস্টাব্দের ১০ জানুয়ারি কুখ্যাত মঙ্গল নেতা হালাকু খানের হাতে বাগদাদ নগরীর পতন হয়। এ সময় বাগদাদ শহরের অপূরণীয় ক্ষতি হয়।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## MCQ Solution

১. **ইসলামের প্রথম খলিফা কে ছিলেন?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮/ খাদ্য অধিদপ্তরের অধীনে খাদ্য পরিদর্শক : ০০]

ক) হযরত ওমর (রা:) খ) হযরত আবু বকর (রা:)
গ) হযরত আলী (রা:) ঘ) হযরত ওসমান (রা:)

**উত্তর: খ**

২. **ভণ্ডনবীদের দমন করেন কে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক) হযরত আবু বকর খ) হযরত ওমর
গ) হযরত ওসমান ঘ) হযরত ইমরান

**উত্তর: ক**

৩. **ইসলামের ত্রাণকর্তা বলা হয় কাকে?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক) হযরত আবু বকর (রা:) খ) হযরত ওমর (রা:)
গ) হযরত ওসমান (রা:) ঘ) হযরত আলী (রা:)

**উত্তর: ক**

৪. **হযরত আবু বকর (রা:) কোন সালে খলিফা হন?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক) ৬৩২ খ্রিস্টাব্দে খ) ৬৩৪ খ্রিস্টাব্দে
গ) ৬৩৫ খ্রিস্টাব্দে ঘ) ৬৩৬ খ্রিস্টাব্দে

**উত্তর: ক**

৫. **'বায়তুল মাল' কে প্রতিষ্ঠা করেন?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সহকারী সচিব : ১৫/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]

ক) হযরত আবু বকর (রা:) খ) হযরত ওমর (রা:)
গ) হযরত ওসমান (রা:) ঘ) হযরত আলী (রা:)

**উত্তর: ক**

৬. **রিদ্দা কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]

ক) স্থানের নাম খ) ধর্মযুদ্ধ
গ) ব্যক্তির নাম ঘ) এক ধরনের ক্রীড়া

**উত্তর: খ**

৭. **সর্ব প্রথম ইসলামী মুদ্রা কে প্রচলন করেন?** [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]

ক) হযরত আবু বকর (রা:) খ) হযরত ওমর (রা:)
গ) হযরত ওসমান (রা:) ঘ) হযরত আলী (রা:)

**উত্তর: ক**

৮. **ইসলামের চার খলিফার মধ্যে স্বাভাবিক মৃত্যু ঘটে-** [ইসলামী বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]

ক) হযরত আলীর (রা:) খ) হযরত ওসমানের (রা:)
গ) হযরত ওমরের (রা:) ঘ) হযরত আবুবকরের (রা:)

**উত্তর: ঘ**

৯. **নিম্নের কে খুলাফায়ে রাশেদীনের একজন নন?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক) হযরত আলী খ) উমর বিন আব্দুল আযীয
গ) হযরত উমর বিন খাত্তাব ঘ) উসমান বিন আফফান

**উত্তর: খ**

১০. **কোন খলিফার শাসনামলে মুসলিম সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তার লাভ করে?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]

ক) হারুনুর রশিদ খ) আল মামুন
গ) হযরত উমর (রা:) ঘ) আল ওয়ালিদ

**উত্তর: গ**

১১. **শিশুদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন-** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক : ১৬ / মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১১]

ক) হযরত আলী (রা:) খ) হযরত সা'দ (রা:)
গ) হযরত ওমর (রা:) ঘ) হযরত আনাস (রা:)

**উত্তর: ক**

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com



Scanned by CamScanner

www.bdniyog.com



১২. **Where is the Mazar of Hazrat Ali (R) located?/ হযরত আলী (রা:) এর মাজার কোথায় অবস্থিত?** [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]
ⓐ UAE ⓑ Saudi Arabia ⓒ Moscow
ⓓ Iraq ⓔ None of these **Ans. d**

১৩. **পঞ্চম খলিফা বলে পরিচিত–** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ খলিফা আলী (রা:) ⓚ খলিফা আবুবকর (রা:)
ⓖ খলিফা ওসমান (রা:) ⓖ খলিফা ওমর বিন আব্দুল আজিজ (রা:) **উত্তর: ঘ**

১৪. **উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ আল-ওয়ালিদ ⓚ মুয়াবিয়া
ⓖ মামুন ⓖ হযরত আলী **উত্তর: খ**

১৫. **ইসলামের ইতিহাসে বংশানুক্রমিক রাজতন্ত্রের প্রবর্তক–** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ মুয়াবিয়া ⓚ প্রথম ইয়াজিদ
ⓖ দ্বিতীয় ওমর ⓖ দ্বিতীয় মারওয়ান **উত্তর: ক**

১৬. **মুসলমানরা স্পেন বিজয় করে কত খ্রিস্টাব্দে?** [কুমিল্লা বিশ্ববিদ্যালয় (বি- ইউনিট) : ১৩-১৪]
ⓚ ৭১২ ⓚ ৭১৩
ⓖ ৮১৫ ⓖ ৭২৫ **উত্তর: ক**

১৭. **ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ –** [শ্রম অধিদপ্তরের সহকারী অফিসার : ৯৬]
ⓚ উমাইয়া শাসনকাল ⓚ ফাতেমী শাসনকাল
ⓖ আব্বাসীয় শাসনকাল ⓖ মুঘল শাসনকাল **উত্তর: গ**

১৮. **আব্বাসীয় খলিফাদের রাজধানী ছিল-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ মক্কায় ⓚ মদীনায়
ⓖ দামেস্কে ⓖ বাগদাদে **উত্তর: ঘ**

১৯. **Where '*Baitul Hikma.t*' is situated? / 'বায়তুল হিকমা' কোথায় অবস্থিত?** [Al-Arafah Islami Bank Ltd. MTO: 11]
ⓐ Rome ⓑ Bagdad
ⓒ Madina ⓓ Iran **Ans. b**

২০. **'বায়তুল হিকমা' প্রতিষ্ঠা করেন–** [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ⓚ আল-মামুন ⓚ আল-আমীন
ⓖ হারুন-আর-রশীদ ⓖ আল-মনসুর **উত্তর: গ**

২১. **'বায়তুল হিকমা' কি?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ আব্বাসী রাজপ্রাসাদ ⓚ জ্ঞানচর্চা কেন্দ্র
ⓖ প্রমোদ কেন্দ্র ⓖ কারাগার **উত্তর: খ**

২২. **Muslim conquests of the middle East & North Africa took place:/ মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকায় মুসলমানদের বিজয় সম্পন্ন হয়-** [IFIC Bank Ltd. Proationary Officer: 96]
ⓐ Between 7th and 12th century A.D
ⓑ In the 13th century A.D ⓒ In the 6th century A.D
ⓓ None of the above **Ans. d**

ব্যাখ্যা: সপ্তম শতাব্দী এবং অষ্টম শতাব্দীর প্রথমভাগে (৬৩২-৭৩২ খ্রিষ্টাব্দ) মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা মুসলমানদের অধিকারে আসে।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



২৩. আব্বাসীয় বংশের পতন ঘটে- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক ১২০০ সালে খ ১২৫৮ সালে
গ ১৫২৬ সালে ঘ ১৫৩০ সালে উত্তর: খ

২৪. হালাকু খান বাগদাদ নগর ধ্বংস করেন কোন সালে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ক ১১৯১ খ ১২৫৮
গ ১৭৫৭ ঘ ১১৯২ উত্তর: খ

২৫. বাগদাদ নগরী ধ্বংসকারী হিসেবে কুখ্যাত মোঙ্গল নেতা- [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৮-০৯]
ক মেঙ্গু খান খ চেঙ্গিস খান
গ হালাকু খান ঘ কুবলাই খান উত্তর: গ

২৬. সর্বশেষ সাহাবি কত হিজরি পর্যন্ত জীবিত ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]
ক ১০৮ হিজরি খ ১১০ হিজরি
গ ১১২ হিজরি ঘ ১১৫ হিজরি উত্তর: খ

## হিন্দুধর্ম (Hinduism)

হিন্দু ধর্মকে পৃথিবীর প্রাচীনতম ধর্ম বলা হয়। মধ্য এশিয়া থেকে আর্যরা প্রাচীন ভারতে যে ধর্মীয় ভাবধারা নিয়ে এসেছিল, তা থেকেই হিন্দু ধর্মের সৃষ্টি। হিন্দু শব্দটা ফারসি। নির্দিষ্ট কোনো ব্যক্তি এ ধর্মের প্রবর্তন করেননি। বহুকাল থেকে আজ পর্যন্ত এ ধর্ম চলে আসছে বলে একে 'সনাতন ধর্ম'ও বলা হয়। শ্রীচৈতন্য হিন্দু ধর্মের একজন বড় সংস্কারক। হিন্দুরা তাঁকে কলিযুগের অবতার বলে শ্রদ্ধা করে। তিনি বৈষ্ণব ধর্মমত প্রচার করেন।

কর্মফল ও জন্মান্তরবাদ হিন্দু ধর্মবিশ্বাসের প্রধান অঙ্গ। কর্মফল ও জন্মান্তরবাদের মূলকথা হচ্ছে মানুষ নিজের কর্মদোষে বা কর্মগুণে অনুন্নত বা উন্নত জীবন নিয়ে বারবার পৃথিবীতে জন্মগ্রহণ করে। হিন্দুরাও অবতারবাদেও বিশ্বাসী।

বর্ণপ্রথাও হিন্দু ধর্মের আরেকটি বৈশিষ্ট্য। প্রাচীন হিন্দু সমাজে কেবলমাত্র চারটি বর্ণ ছিল প্রধান। যথা: ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র। ব্রাহ্মণদের কাজ ছিল ধর্মকর্ম ও পৌরহিত্য করা। ক্ষত্রিয়দের কাজ ছিল দেশ রক্ষা করা। বৈশ্যদের কাজ ছিল ব্যবসা-বাণিজ্য। আর শূদ্রদের কাজ ছিল কায়িক পরিশ্রম। সংস্কৃত ভাষায় রচিত বেদ হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থ। বেদের অন্য নাম শ্রুতি। উপনিষদ, গীতা, পুরাণ, রামায়ণ ও মহাভারতকেও হিন্দুরা পবিত্র ধর্মগ্রন্থ হিসাবে সম্মান করে। তাদের অন্যতম তীর্থস্থান কাশী, গয়া, বৃন্দাবন, সীতাকুণ্ড প্রভৃতি। হিন্দুদের উপাসনালয়কে মন্দির বলে।

### MCQ Solution

১. পৃথিবীর প্রাচীনতম ধর্ম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৪-০৫]
ক ইহুদি ধর্ম খ খ্রিস্ট ধর্ম
গ ইসলাম ধর্ম ঘ হিন্দু ধর্ম উত্তর: ঘ

২. হিন্দুদের প্রধান ধর্ম গ্রন্থের নাম- [ইসলামী বিশ্ববিদ্যালয় : ০৫-০৬]
ক বেদ খ উপনিষদ
গ গীতা ঘ রামায়ণ উত্তর: ক

৩. বেদের রচয়িতা- [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ৯৬-৯৭]
ক ব্যাস খ বাল্মীকি
গ মনু ঘ এদের কেউ নয় উত্তর: ঘ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## জৈনধর্ম (Jainism)

২৪ জন ঋষি জৈনধর্ম প্রচার করেন। তাঁদের একত্রে 'তীর্থঙ্কর' (Tirthankar) বলে। বর্ধমান মহাবীর ছিলেন সর্বশেষ ঋষি। মহাবীর ভারতের বিহার রাজ্যে শুদ্র পরিবারে জন্মগ্রহণ করেছিলেন।

### MCQ Solution

১. তীর্থঙ্করের ধারণা কোনটির সঙ্গে সম্পৃক্ত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৮-০৯]
ⓚ বৌদ্ধ ধর্ম ⓚ চার্বাক ধর্ম
ⓖ জৈন ধর্ম ⓖ শিখ ধর্ম **উত্তর: গ**

২. জৈন ধর্মের প্রবর্তক– [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস) : ০৭-০৮]
ⓚ গৌতম বুদ্ধ ⓚ মহাবীর
ⓖ শ্রীচৈতন্য ⓖ গুরু নানক **উত্তর: খ**

৩. জৈন ধর্মের প্রবর্তক বর্ধমান মহাবীর ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজ বিজ্ঞান) : ০৮-০৯]
ⓚ বৈশ্য ⓚ শুদ্র
ⓖ ব্রাহ্মণ ⓖ ক্ষত্রিয় **উত্তর: খ**

## বৌদ্ধধর্ম (Buddhism)

### গৌতম বুদ্ধের জীবনী

বৌদ্ধধর্মের প্রবর্তক ছিলেন গৌতম বুদ্ধ। প্রায় আড়াই হাজার বছর আগে বুদ্ধদেব হিমালয়ের পাদদেশে নেপালের লুম্বিনী গ্রামে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম শুদ্ধোধন ও মায়ের নাম মায়াদেবী। পিতামাতা তাঁর নাম রাখেন গৌতম। বাল্যকালে তাঁর নাম ছিল সিদ্ধার্থ। শাক্যবংশে জন্ম বলে তাঁকে শাক্যসিংহও বলা হয়। তিনি ২৯ বছর বয়সে গৃহত্যাগ করেন। গৃহত্যাগের পর গৌতম ছয় বছর নির্জনে ধ্যানমগ্ন থেকে কঠোর সাধনা করেন। অবশেষে নেরঞ্জনা নদীর তীরে এক অশ্বথ গাছের তলায় বসে তিনি ধ্যানমগ্ন হন এবং বোধি বা দিব্যজ্ঞান লাভ করেন। যে গাছের নিচে বসে তিনি ধ্যান করেছিলেন সে গাছটির নাম রাখা হয় 'বোধিবৃক্ষ'। স্থানটির নাম রাখা হয় 'বুদ্ধগয়া'। গৌতমবুদ্ধ ৮০ বছর বয়সে খ্রিস্টপূর্ব ৪৮৫ অব্দে কুশীনগরে পরিনির্বাণ লাভ হয়।



গৌতম বুদ্ধ

### বৌদ্ধধর্মের মূলনীতি

বৌদ্ধ ধর্মে কোন জাতিভেদ নেই। এ ধর্মের মূলকথা হচ্ছে অহিংসা পরম ধর্ম। বুদ্ধদেব এছাড়াও মানুষকে পঞ্চশীল পালনের উপদেশ দিয়ে গেছেন। পঞ্চ শব্দের অর্থ পাঁচ এবং শীল শব্দের অর্থ আচরণ। এ পঞ্চশীল হচ্ছে জীব হত্যা না করা, চুরি না করা, মিথ্যা বলা থেকে বিরত থাকা, মিথ্যা কামাচারে বশীভূত না হওয়া, মদ্যাসক্ত না হওয়া।

গৌতম বুদ্ধের মতে, মানুষের দুঃখের কারণ হল 'আসক্তি' বা 'তৃষ্ণা'। কোন কিছু পাওয়ার আশা করার নামই আসক্তি। আসক্তির অবসান হলে দুঃখ থেকে মুক্তি আসবে। দুঃখ থেকে মুক্তির নাম 'নির্বাণ লাভ'। কারও কারও মতে, 'নির্বাণ লাভ' হলো কর্ম বা জন্মের অনন্ত ধারার পরিসমাপ্তি। নির্বাণ লাভের উপায় হল 'মধ্যম পন্থা' বা মধ্যপথ অনুসরণ করা।

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



বুদ্ধের মতে এ মধ্যপথ হলো আটটি। এগুলো হচ্ছে- ১) সৎ সংকল্প ২) সৎ চিন্তা ৩) সৎ বাক্য ৪) সৎ ব্যবহার ৫) সৎ জীবনযাপন ৬) সৎ চেষ্টা ৭) সৎ দর্শন এবং ৮) সম্যক সমাধি।
পালি ভাষায় রচিত ত্রিপিটক বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থ। বুদ্ধগয়া ও সারনাথ তাদের পবিত্র তীর্থস্থান।
বৌদ্ধদের উপাসনালয়কে বলা হয় বৌদ্ধবিহার বা প্যাগোডা বা কিয়াং।

## MCQ Solution

১. গৌতম বুদ্ধ কোন দেশে জন্মগ্রহণ করেন? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট): ২০১৪-২০১৫]
ক) ভারত  খ) শ্রীলংকা
গ) নেপাল  ঘ) তাইওয়ান
উত্তর: গ

২. গৌতম বুদ্ধ কোন নগরীতে জন্মগ্রহণ করেন? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ক) বৈশালী  খ) তক্ষশীলা
গ) অবন্তী  ঘ) লুম্বিনী
উত্তর: ঘ

৩. গৌতম বুদ্ধের জন্মস্থান লুম্বিনী হলো- **(Lumbini, the birth place of Gautam Buddha, is in-)** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ৰ ইউনিট) : ১৫-১৬]
ⓐ ভারতে (India)  ⓑ ভূটানে (Bhutan)
ⓒ শ্রীলঙ্কায় (Sri Lanka)  ⓓ নেপালে (Nepal)
**Ans. d**

৪. গৌতম বুদ্ধের আসল নাম — [জাতীয় বিশ্ববিদ্যালয় (মানবিক) : ০৯-১০]
ক) বুদ্ধদেব  খ) নারায়ণ
গ) সিদ্ধার্থ  ঘ) শংকর
উত্তর: গ

৫. 'সিদ্ধার্থ' নামটি কার ক্ষেত্রে প্রযোজ্য? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান) : ০৫-০৬]
ক) শ্রীকৃষ্ণ  খ) রাম
গ) লক্ষ্মণ  ঘ) গৌতম বুদ্ধ
উত্তর: ঘ

৬. **The concept of 'Nirvana' is associated with-** [PKSF Assistant Manager : 14]
**Or,**
নির্বাণ এর ধারণা কোন ধর্মের সঙ্গে যুক্ত? [বরিশাল বিশ্ববিদ্যালয় (ৰ ইউনিট) : ১৪-১৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ৰ ইউনিট) : ০৩-০৪]
ⓐ Hinduism  ⓑ Buddhism
ⓒ Christianity  ⓓ Judaism
**Ans. b**

৭. 'নির্বাণ লাভ' বলতে কি বোঝায়? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (নৃবিজ্ঞান বিভাগ) : ০৯-১০]
ক) বান থেকে মুক্তি  খ) পরজন্ম হতে মুক্তি পাওয়া
গ) পরজন্মে মুক্তি পাওয়া  ঘ) পাপ মোচনের সুযোগ পাওয়া
উত্তর: খ

৮. 'অহিংসা পরম ধর্ম' কোন ধর্মের মূলমন্ত্র? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ : ০৭/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন অ্যাডমিনিস্ট্রেশন অফিসার : ০৬]
ক) বৌদ্ধ  খ) শাক্ত
গ) বৈষ্ণব  ঘ) হিন্দু
উত্তর: ক

৯. ধর্মগ্রন্থ কোনটি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতি[illegible]) : ০৭-০৮]
বেদ  খ) পুরাণ
গ) গীতা  ঘ) ত্রিপিটক
উত্তর: ঘ

Download More PDF @
www.BDNiyog.com



Scanned by CamScanner

www.bdniyog.com



# খ্রিস্টধর্ম (Christianity)

খ্রিস্টধর্মের প্রবর্তক যিশুখ্রিস্ট। ১লা খ্রিষ্টাব্দে তিনি জেরুজালেমের বেথেলহামে জন্মগ্রহণ করেন। তাঁর মায়ের নাম মেরি। প্যালেস্টাইন সে সময় ছিল রোম সাম্রাজ্যের অধীন একটি প্রদেশ। এর অধিবাসীরা ছিল ইহুদী। ইহুদিধর্ম তখন নানা অনাচারে ভরে গিয়েছিল। যিশুখ্রিস্ট সর্বশক্তিমান এক আল্লাহর উপাসনা করা ও খারাপ কাজের জন্য অনুতাপ করার আহবান জানিয়েছিলেন। এতে ইহুদীরা ভীষণ ক্ষেপে যায়। তারা যীশুর বিরুদ্ধে দেশদ্রোহিতা ও ধর্মদ্রোহিতার অভিযোগ আনে। রোম সম্রাট অগাস্টিন সিজারের প্রতিনিধি পন্টিয়াস পাইলেট তাঁর প্রাণদণ্ডের আদেশ দেন। খ্রিস্টধর্মালম্বীদের মতে, তাঁকে ক্রুশবিদ্ধ করে হত্যা করা হয়।


যিশুখ্রিস্ট

খ্রিস্টানদের পবিত্র ধর্মগ্রন্থের নাম বাইবেল। এটি হিব্রু ভাষায় রচিত হলেও পৃথিবীর বিভিন্ন ভাষায় এর অনুবাদ হয়েছে। খ্রিস্টানরা গির্জায় গিয়ে উপাসনা করে। জেরুজালেম তাদের পবিত্র তীর্থস্থান এবং জর্ডান তাদের পবিত্র নদী। পৃথিবীতে বর্তমানে খ্রিস্টান ধর্মাবলম্বীদের সংখ্যা সর্বাধিক। খ্রিস্টান ধর্মাবলম্বীরা দুইটি ধারায় বিভক্ত। যথা- ক্যাথলিক এবং প্রোটেস্ট্যান্ট। রোমের ভ্যাটিকান শহরে খ্রিস্টান জগতের শ্রেষ্ঠ ধর্মগুরু পোপ বাস করেন। তিনি ক্যাথলিক চার্চের প্রধান। পোপের দেহরক্ষী বাহিনীকে 'সুইস গার্ড' (Swiss Guard) বলে। জার্মান বংশোদ্ভূত মার্টিন লুথার ছিলেন খ্রিস্টধর্মের একজন বড় সংস্কারক। তাঁর অনুসারীদের প্রটেস্ট্যান্ট বলা হয়। মুসলমানরা যিশুকে বলেন হযরত ঈসা (আ.) নবী এবং মাতা মেরিকে বলেন বিবি মরিয়ম। বাইবেলকে মুসলমানরা ইনজিল কেতাব বলে থাকেন।

BCS Spotlight

## MCQ Solution

১. যিশুখ্রিস্টের জন্মস্থান কোথায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৫]
ⓚ ভারত ⓖ ইরাক
ⓖ জেরুজালেম ⓖ ইতালি উত্তর: গ

২. বর্তমান পৃথিবীতে কোন ধর্মাবলম্বী লোকের সংখ্যা সবচেয়ে বেশি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৫]

অথবা,

পৃথিবীতে সর্ববৃহৎ জনসংখ্যা- [কর্মসংস্থান ব্যাংকে সহকারী অফিসার : ০১]
ⓚ মুসলমান ⓚ খ্রিস্টান
ⓖ বৌদ্ধ ⓖ হিন্দু উত্তর: খ

৩. ইতিহাস খ্যাত 'বেথেলহাম' কোথায় অবস্থিত? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (আইন বিভাগ) : ০৪-০৫]
ⓚ সিরিয়া ⓚ ফিলিস্তিন
ⓖ জর্ডান ⓖ লিবিয়া উত্তর: খ

৪. বাইবেল প্রথম কোন ভাষায় লেখা হয়? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক : ৯৫]
ⓚ ল্যাটিন ⓚ হিব্রু
ⓖ গ্রিক ⓖ রোমান উত্তর: খ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. মার্টিন লুথার একজন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]
ⓚ ধর্ম সংস্কারক ⓚ নাগরিক অধিকার আন্দোলনকারী
ⓖ গায়ক ⓘ শিল্পী উত্তর: ক

৬. সুইস গার্ড কার নিরাপত্তা বিধান করে? [শাহজালাল বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ পোপ ⓚ জাতিসংঘ মহাসচিব
ⓖ সুইস প্রেসিডেন্ট ⓘ সেক্রেটারি জেনারেল উত্তর: ক

## এক নজরে বিশ্বের প্রধান ধর্ম, প্রবর্তক, ধর্মগ্রন্থ ও পবিত্র স্থান

| ধর্ম | প্রবর্তক | ধর্মগ্রন্থ | উপাসনালয় | তীর্থস্থান |
|---|---|---|---|---|
| Islam ইসলাম | Muhammad (saw) হযরত মুহম্মদ (সা.) | Quran কুরআন | Mosque মসজিদ | Macca, Madina, Jerusalem* মক্কা, মদীনা, জেরুজালেম |
| Hindu হিন্দু | আর্য ঋষিগণ | Vedas বেদ | Temples মন্দির | Kashi, Gaya কাশী, গয়া |
| Christianity খ্রিস্টান | Jesus Christ যিশু খ্রিস্ট | Bible বাইবেল | Churches গির্জা | Jerusalem* জেরুজালেম |
| Buddhism বৌদ্ধ | Gautama Buddha গৌতম বুদ্ধ | Tripitaka ত্রিপিটক | Temples মন্দির | Bodh Gaya বুদ্ধগয়া |
| Judaism ইহুদি # | Moses মোজেস | Torah তাওরাত | Synagogues সিনাগগ | Jerusalem* জেরুজালেম |
| Sikhism শিখ | Guru Nanak গুরু নানক | Granth Sahib গ্রন্থসাহেব | Gurdwara গুরুদুয়ারা | Golden Temple, Amritsar পাঞ্জাবের অমৃতসরের স্বর্ণমন্দির |
| মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে জোরোস্ট্রিয় বা জরথুস্ত্র ধর্মাবলম্বীরা। | | | | |

*Jerusalem (জেরুজালেম) শহরটি মুসলমান, খ্রিষ্টান এবং ইহুদী তিনটি ধর্মের জন্যই পবিত্র স্থান।
# ইহুদি ধর্মের ধর্মযাজককে 'র‍্যাবাই' বলা হয়।

## MCQ Solution

১. কোন শহর মুসলমান, খ্রিস্টান ও ইহুদী কর্তৃক সমভাবে সমাদৃত? [স্থানীয় সরকার জনস্বাস্থ্য প্রকৌশল উপসহকারী : ১৫/ আবহাওয়া অধিদপ্তরে সহকারী আবহাওয়াবিদ : ৯৫/ সাব-রেজিস্ট্রার : ৯২]
ⓚ মদিনা ⓚ জেরুজালেম
ⓖ মক্কা ⓘ জেদ্দা উত্তর: খ

২. শিখ ধর্মের প্রবর্তক ছিলেন- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৮-০৯]
ⓚ গুরু নানক ⓚ রণজিৎ সিং
ⓖ সিরওয়ান্দ সিং ⓘ ভগৎ সিং উত্তর: ক

৩. শিকদের ধর্মগ্রন্থের নাম কি? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (দর্শন বিভাগ) : ০৫-০৬/ ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০১-০২]
ⓚ ত্রিপিটক ⓚ জিন্দাবেস্তা
ⓖ গ্রন্থসাহেব ⓘ বেদ উত্তর: গ

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



৪. শিখদের বিখ্যাত স্বর্ণমন্দির নিম্নলিখিত শহরে অবস্থিত – [বাংলাদেশ ব্যাংকে ব্যাংকার্স রিক্রুটমেন্ট টেস্ট : ৮৮]

ⓚ চণ্ডীগড় ⓚ কেরালা
ⓖ হরিয়ানা ⓖ অমৃতসর উত্তর: ঘ

৫. কোন শহরকে মুসলমান, খ্রিস্টান, ইহুদী সকলেই পবিত্র স্থান করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (পদ্মা) : ১২]

অথবা,

নিচের কোন শহর তিন ধর্মের মানুষের নিকট পবিত্র বলে বিবেচিত? [বরিশাল বিশ্ববিদ্যালয়: (ঘ ইউনিট): ১৪-১৫]

ⓚ মক্কা ⓚ জেদ্দা
ⓖ জেরুজালেম ⓖ প্যালেস্টাইন উত্তর: গ

৬. তিনটি প্রধান ধর্মের মিলনকেন্দ্র- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (মার্কেটিং বিভাগ) : ০১-০২/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ৯৯]

ⓚ জেরুজালেম ⓚ আজমির শরীফ
ⓖ ভ্যাটিকান সিটি ⓖ বাগদাদ উত্তর: ক

৭. সিনাগগ ………… ধর্মীয় স্থাপত্য- [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (প্রত্নতত্ত্ব বিভাগ) : ০৯-১০]

ⓚ ইহুদি ⓚ সনাতন
ⓖ বৌদ্ধ ⓖ হিব্রু উত্তর: ক

৮. কোন ধর্মের ধর্মযাজককে 'র‍্যাবাই' বলা হয়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট): ৯৮-৯৯]

ⓚ খ্রিস্টান ধর্ম ⓚ জুরথুস্ত্র ধর্ম
ⓖ জৈন ধর্ম ⓖ ইহুদি ধর্ম উত্তর: ঘ

৯. মৃতের সৎকারের জন্য চিলঘর ব্যবহার করে কোন ধর্মাবলম্বীরা? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট) : ১৪-১৫]

ⓚ বাহাই ⓚ শিনটো
ⓖ জৈন ⓖ জোরোস্ট্রিয় উত্তর: ঘ

BCS Spotlight

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner